# NYSSB Rubric for the Culminating Project and Presentation in Modern Languages (Category 3-4)

কালমিনেটিং প্রোজেক্ট ও প্যানেল প্রেজেন্টেশনের সাধারণ নির্দেশিকা:

1. শিক্ষার্থীদের সামগ্রিকভাবে তিনটি যোগাযোগের মানদণ্ডের উপর ভিত্তি করে মূল্যায়ন করা হবে (ব্যাখ্যামূলক- ইন্টারপ্রেটিভ, আন্তঃব্যক্তিক-ইন্টারপার্সোনাল, উপস্থাপনামূলক-প্রেজেন্টেশনাল)।
2. এই বিধি (শিক্ষামূলক প্রবন্ধ, পোর্টফোলিও) উভয় প্রকার প্রোজেক্টের মূল্যায়ন করার পাশাপাশি প্যানেলের কাছে প্রোজেক্টের ওরাল প্রেজেন্টেশন বা মৌখিক উপস্থাপনের ক্ষেত্রেও ব্যবহার করা হবে।
   a. প্রেজেন্টেশনের আগে ক্লাসের শিক্ষক/শিক্ষিকা বা প্রোজেক্ট উপদেষ্টা ব্যাখ্যামূলক পদ্ধতির মূল্যায়ন করে নিতে পারেন।
   b. প্রোজেক্টের প্রেজেন্টেশনের সময় আন্তঃব্যক্তিক পদ্ধতির মূল্যায়ন করা হয়।
3. শিক্ষার্থীরা একটি পর্যালোচনাকারীদের প্যানেল দ্বারা মূল্যায়িত হবে যেখানে মূল্যায়ন করা ভাষায় কথা বলতে পারা দুইজন বা তার বেশি যোগ্যতাসম্পন্ন প্রাপ্তবয়স্ক ব্যক্তি থাকবেন।
   a. শিক্ষার্থীদের বর্তমান শিক্ষক/শিক্ষিকা এই প্রোজেক্ট ও প্রেজেন্টেশনের একক পর্যালোচনাকারী হতে পারবেন না।
   b. পর্যালোচনাকারীদের প্যানেলে থাকার জন্য স্কুলগুলিকে কমিউনিটি সদস্যদের নিযুক্ত করতে উৎসাহ দেওয়া হচ্ছে, যদিও এই মূল্যায়নকারীরা শিক্ষার্থীর আত্মীয় হতে পারবেন না।
   c. যদি প্রেজেন্টেশন স্বল্প প্রচলিত ভাষায় দেওয়া হয় বা একটি জেলার মধ্যে মাত্র একজন প্রাপ্তবয়স্ক ব্যক্তি খুঁজে পাওয়া যায় যিনি সেই ভাষায় কথা বলেন, তাহলে প্যানেলে পর্যালোচনাকারীর সংখ্যা কম হবে। যেকোন ভাষা বলা দুইজন প্রাপ্তবয়স্ক ব্যক্তির থাকা নিশ্চিত করার জন্য স্কুলগুলিকে সবরকম প্রচেষ্টা চালাতে হবে।
   d. মূল্যায়ন করতে চলা ভাষাতেই সম্পূর্ণ প্রেজেন্টেশন ও প্যানেল ইন্টারভিউ সম্পন্ন করতে হবে।
4. শিক্ষার্থীরা, বিশেষ করে যারা ইংরাজি ভাষা শিখছে ও যেকোন পরম্পরাগত ভাষায় কথা বলতে পারে, তারা বিশ্বের যেকোন অংশের প্রতিনিধিত্ব করতে পারে এবং যেকোন ভাষার ক্ষেত্রে বিবেচনা করা "প্রমাণ" সংস্করণের সাথে তুলনা করে উল্লেখযোগ্য ভাষাগত বৈচিত্র্য তুলে ধরতে পারে। শিক্ষার্থীর উচ্চারণ, বাচন ভঙ্গি, বা সংস্কৃতিভিত্তিক শব্দ তালিকা যতক্ষণ বুঝতে পারার ক্ষেত্রে কোনও অসুবিধা তৈরি করবে না ততক্ষণ প্যানেল সদস্যরা সেগুলিকে মূল্যায়নের মান কমিয়ে দেওয়ার বিষয় হিসাবে গণ্য করবেন না।

| **কালমিনেটিং প্রোজেক্ট স্কোরিং শীট** |
|---|
| **শিক্ষার্থীর নাম:** |
| **মূল্যায়ন করা ভাষা:** |
| **সামগ্রিক মূল্যায়ন:** NYSSB (ইন্টারমিডিয়েট মিড) অর্জন করার মত দক্ষতার প্রয়োজনীয় মাত্রা কালমিনেটিং প্রোজেট ও প্রেজেন্টেশনে দেখতে পাওয়া ☐ যাচ্ছে ☐ যাচ্ছে না। |
| **মূল্যায়ন সম্পূর্ণ করেছেন (নাম, পদ):** |
| **তারিখ:** |

| **সহায়ক প্রশ্নাবলী** | **দক্ষতার সূচক** | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | **নভিস হাই** | **ইন্টারমিডিয়েট লো** | **ইন্টারমিডিয়েট মিড** | **ইন্টারমিডিয়েট হাই** | **অ্যাডভান্সড লো** | **অ্যাডভান্সড মিড** |
| মানদণ্ড 1: ব্যাখ্যামূলক যোগাযোগ – শিক্ষার্থীরা বিভিন্ন বিষয়ে, নির্ভরযোগ্য সূত্র সহ নানাবিধ পাঠ্যাংশ নিয়ে, শুনে, দেখে ও পড়ে বোঝে, ব্যাখ্যা ও বিশ্লেষণ করে।<br><br>নির্ভরযোগ্য সূত্র সহ নানাবিধ পাঠ্যাংশ* নিয়ে, পড়ে, শুনে বা দেখে আমি কী বুঝতে পারছি, ব্যাখ্যা বা বিশ্লেষণ করতে পারছি? | আমি বিষয় এবং ছোট তথ্যমূলক ও সাহিত্যধর্মী পাঠ্যাংশের কিছু বিচ্ছিন্ন বক্তব্য চিহ্নিত করতে পারি, সেইসঙ্গে কথোপকথনের কিছু সরল বাক্য থেকে পরিচিত প্রশ্ন ও বিবৃতি বুঝতে পারি। | ছোট তথ্যমূলক ও সাহিত্যধর্মী পাঠ্যাংশ ও কথোপকথনের সরল বাক্য থেকে আমি বিষয়, মূল ভাবনা ও প্রাসঙ্গিক তথ্য চিহ্নিত করতে পারি। | ছোট সহজবোধ্য তথ্যমূলক ও সাহিত্যধর্মী পাঠ্যাংশ ও কথোপকথনের মূল ভাবনা ও প্রধান তথ্যগুলি আমি বুঝতে পারি। | সহজবোধ্য অনুচ্ছেদ দৈর্ঘ্যের পাঠ্যাংশ, কথোপকথন ও আলোচনা থেকে আমি সাধারণত মূল ভাবনা, মূল বার্তা ও বিভিন্ন সময়ের ঘটনা প্রবাহ অনুসরণ করতে পারি। | পাঠ্যাংশ, কথোপকথন ও আলোচনার অনেকটা সময়কাল জুড়ে আমি মূল ও অন্তর্নিহিত বার্তা এবং বেশ কিছু সহায়ক তথ্য চিহ্নিত করতে পারি। | পাঠ্যাংশ, কথোপকথন ও আলোচনার অনেকটা সময়কাল জুড়ে আমি মূল ও অন্তর্নিহিত বার্তা এবং বেশীরভাগ সহায়ক তথ্য চিহ্নিত করতে পারি। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| মানদণ্ড *2:* আন্তঃব্যক্তিক যোগাযোগ – শিক্ষার্থীরা তথ্য আদানপ্রদান করতে এবং অনুভূতি, পছন্দ ও মতামত প্রকাশ করতে কথ্য, চাক্ষুষ বা লিখিত কথোপকথনের মাধ্যমে পারস্পরিক যোগাযোগ করে ও অর্থ বিনিময় করে।<br><br>আমি কীভাবে কথোপকথনের সময় তথ্য ও ভাবনার আদানপ্রদান করব; এবং পছন্দ ও মতামত প্রকাশ করব, সমর্থন করব বা সেই সম্পর্কে প্রতিক্রিয়া জানাব? | বেশীরভাগ সময় কথোপকথনে কয়েকটি সহজ বাক্য ও মৌলিক প্রশ্ন ব্যবহার করে আমি তথ্য জানাতে পারি ও অনুরোধ করতে পারি এবং প্রাথমিক চাহিদা পূরণ করতে পারি; পরিচিত বা রোজের বিষয় সম্পর্কে পছন্দ, অনুভূতি বা মতামত প্রকাশ করতে পারি, জানতে চাইতে পারি ও সেই বিষয়ে প্রতিক্রিয়া জানাতে পারি। | বেশীরভাগ সময় কথোপকথনে কয়েকটি সহজ বাক্য তৈরি করে ও বক্তব্য অনুযায়ী উপযুক্ত প্রশ্ন করে আমি তথ্য জানাতে পারি ও অনুরোধ করতে পারি; পরিচিত বিষয় সম্পর্কে পছন্দ, অনুভূতি বা মতামত কিছুটা বিস্তারিতভাবে প্রকাশ করতে পারি, জানতে চাইতে পারি ও সেই বিষয়ে প্রতিক্রিয়া জানাতে পারি। | কথোপকথনে বাক্য বা বাক্যের পরম্পরা তৈরি করে এবং বক্তব্য অনুযায়ী প্রশ্ন জিজ্ঞাসা করে আমি বিভিন্ন পরিচিত ও অন্বেষণ করা বিষয়ে তথ্য আদানপ্রদান করতে পারি, পছন্দ, অনুভূতি বা মতামত জানাতে পারি। | কথোপকথন ও আলোচনার বিভিন্ন সময়কালে অনুচ্ছেদ গঠন করতে পারা সংযোজী বাক্য ব্যবহার করে এবং বক্তব্য অনুযায়ী প্রশ্ন জিজ্ঞাসা করে আমি বিভিন্ন পরিচিত, সুনির্দিষ্ট ও অন্বেষণ করা জটিল বিষয়েও তথ্য আদানপ্রদান করতে পারি, পছন্দ, অনুভূতি বা মতামত জানাতে পারি। | বেশীরভাগ সময় জুড়ে কিছু সহজ অনুচ্ছেদ ব্যবহার করে, বিভিন্ন পরিচিত, সুনির্দিষ্ট, শিক্ষাগত ও সামাজিক বিষয়, যা অপ্রত্যাশিতভাবে জটিল হতে পারে, সেই বিষয়ে কথোপকথন চালিয়ে যাওয়া এবং পছন্দ ও মতামতের তুলনা ও ব্যাখ্যা দেওয়া এবং অন্যদের সাথে তথ্য ও ভাবনা আদানপ্রদানের জন্য কথা বলা ও মধ্যস্থতা করার কাজ আমি করতে পারি। | বেশীরভাগ সময় জুড়ে বিভিন্ন পছন্দের *(*পরিচিত, অপরিচিত, সুনির্দিষ্ট, ও অনেক সময় শিক্ষাগত ও সামাজিক বা পেশাগত*)* বিষয়ে জানতে চাওয়া প্রশ্ন করা ও বিশদে উত্তর দেওয়ার মাধ্যমে দীর্ঘ সময় কথোপকথন চালিয়ে যাওয়া এবং পছন্দ ও মতামতের তুলনা ও ব্যাখ্যা দেওয়া এবং অন্যদের সাথে তথ্য ও ভাবনা আদানপ্রদানের জন্য কথা বলা ও মধ্যস্থতা করার কাজ আমি করতে পারি। |
| মানদণ্ড *3:* উপস্থাপনামূলক যোগাযোগ – শিক্ষার্থীরা তাদের বিভিন্ন প্রকার শ্রোতা, পাঠক বা দর্শকের কাছে ব্যাখ্যা করা, তথ্য জ্ঞাপন করা, বিবৃত করা, বর্ণনা দেওয়া বা বিশ্বাস করানোর মাধ্যমে বিভিন্ন বিষয় সংক্রান্ত তথ্য ও ভাবনা উপস্থাপন করবে।<br><br>আমি কীভাবে তথ্য ও ভাবনা ব্যাখ্যা করা, জ্ঞাপন করা, বিবৃত করা, বর্ণনা করা বা বিশ্বাস করানোর মত করে উপস্থাপন করব? | বেশিরভাগ সময় সরল বাক্য ব্যবহার করে আমি নিজের জীবন ও কাজকর্ম সম্পর্কে তথ্য উপস্থাপন করতে পারি এবং পরিচিত ও প্রতিদিনের বিষয়ে নিজের পছন্দ ও মতামত জানাতে পারি। | বেশিরভাগ সময় সরল বাক্য ব্যবহার করে আমি নিজের জীবন, কাজকর্ম, অবস্থা সম্পর্কে তথ্য উপস্থাপন করতে পারি এবং পরিচিত ও প্রতিদিনের বিষয়ে নিজের পছন্দ ও মতামতকে সমর্থন করার চেষ্টা করতে পারি। | বাক্য ও সংযুক্ত বাক্যের পরম্পরা ব্যবহার করে আমি ব্যক্তিগত অভিজ্ঞতা জানাতে পারি, তথ্য উপস্থাপন করতে পারি ও বিভিন্ন পরিচিত, সুনির্দিষ্ট ও অন্বেষণ করা বিষয়ে নিজের দৃষ্টিভঙ্গি প্রকাশ ও সমর্থন করতে পারি। | বিভিন্ন সময়ে ছোট অনুচ্ছেদ ব্যবহার করে আমি বিস্তারিতভাবে অভিজ্ঞতা জানাতে পারি, তথ্য উপস্থাপন করতে পারি ও বিভিন্ন পরিচিত, সুনির্দিষ্ট ও অন্বেষণ করা বিষয়ে নিজের দৃষ্টিভঙ্গি প্রকাশ ও সমর্থন করতে পারি। | বেশীরভাগ সময় জুড়ে অনুচ্ছেদ ব্যবহার করে আমি প্রেজেন্টেশন দিতে পারি এবং প্রমাণের সাথে সুনির্দিষ্ট, শিক্ষাগত, সামাজিক ও পেশাগত কিছু আগ্রহের বিষয়ে নিজের দৃষ্টিভঙ্গি জানাতে পারি। | বেশীরভাগ সময় জুড়ে সুগঠিত অনুচ্ছেদ ব্যবহার করে আমি বিস্তারিত প্রেজেন্টেশন দিতে পারি এবং প্রমাণের সাথে সুনির্দিষ্ট, শিক্ষাগত, সামাজিক ও পেশাগত কিছু আগ্রহের বিষয়ে নিজের যুক্তি উপস্থাপন করতে পারি। |

*"পাঠ্যাংশ" শব্দটি তথ্য জ্ঞাপনের মাধ্যম হিসাবে সংজ্ঞায়িত হয়েছে। এই দক্ষতার সূচকগুলির উদ্দেশ্য হিসাবে, পাঠ্যাংশ ছাপানো সামগ্রী (যেমন, ইনফোগ্রাফিক, প্রবন্ধ), অডিও (যেমন গান, পডকাস্ট), দেখার সামগ্রী (যেমন ছবি, আঁকা) বা অডিওভিজুয়াল (যেমন গানের ভিডিও, মাল্টিমিডিয়া প্রেজেন্টেশন) সামগ্রী হতে পারে।

**নোট**: